



আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীদের বেতন বৃদ্ধির প্রতিবাদে রাজধানীর মুগদায় অভিভাবকদের মানববন্ধন যুগান্তর

মতিঝিল আইডিয়াল স্কুলের বেতন বৃদ্ধির প্রতিবাদে অবরোধ

যুগান্তর রিপোর্ট

শিক্ষা বছরের শেষ সময়ে মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের তিনটি শাখায় শিক্ষার্থীপ্রতি ১৫০ টাকা বেতন বৃদ্ধির প্রতিবাদে মানববন্ধন ও বিক্ষোভ সড়ক অবরোধ করেছেন অভিভাবকরা। সোমবার শিক্ষা প্রতিষ্ঠানটির মুগদা শাখার সামনে অনুষ্ঠিত এ কর্মসূচিতে বাড়তি বেতনের আদেশ প্রত্যাহারের দাবি জানান তারা। আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ অভিভাবক ফোরামের চেয়ারম্যান মো. জিয়াউল কবির দুপুর সভাপতিত্বে অনুষ্ঠিত এ মানববন্ধন ও সড়ক অবরোধ কর্মসূচিতে বক্তব্য রাখেন সালাউদ্দিন মামুন, আলমগীর হোসেন, হেনা বেগম, মশিউর রহমান প্রমুখ। বক্তারা মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের অনিয়ম ও দুর্নীতি তদন্তে কমিটি গঠনের দাবি জানান। তারা বলেন, শ্রেণীকক্ষে পাঠদান নিশ্চিত, শিক্ষার গুণগত মান বৃদ্ধি এবং শিক্ষকদের কোচিং বাণিজ্য বন্ধ করলে আগামী জানুয়ারি থেকে বাড়তি বেতন দিতে রাজি অভিভাবকরা। অন্যথায় বাড়তি বেতন দেবেন না বলে জানান তারা।